রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৪, ২০১৮

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১—১১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১—২০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—৭ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—১৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৯ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৭৩০**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ গোলাম মারুফ এর স্থলে জনাব মোঃ আব্দুল আজিজ, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা-কে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-৭৩২**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪-এর ১১ এবং ১২ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ড. মিহির কান্তি মজুমদার- কে ০৩ (তিন) বছরের জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৪ বঃ/২৮ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৩.১৭-৩৩৬**—যেহেতু, জনাব ওম প্রকাশ নন্দী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) ও প্রকল্প পরিচালক, রাজউক (সাবেক নির্বাহী প্রকৌশলী ও সদস্য সচিব, পরিত্যাক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, চট্টগ্রাম এ কর্মরত অবস্থায়) ২ টি পরিত্যাক্ত বাড়ির বিষয়ে রিট পিটিশনের (৯০৬/০৫, ৯০৭/০৫) রায়ের বিরুদ্ধে যথাসময়ে আপিল না করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দার্শানো হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব দাখিল করেন এবং তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে উভয় পক্ষের বক্তব্য এবং বিভাগীয় মামলার নথি পর্যালোচনায় দেখা যায়, সরকার পক্ষ অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সক্ষম হননি;

৩। সেহেতু, জনাব ওম প্রকাশ নন্দী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) ও প্রকল্প পরিচালক, রাজউক (সাবেক নির্বাহী প্রকৌশলী ও সদস্য সচিব, পরিত্যাক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, চট্টগ্রাম) এর বিরুদ্ধে রুজুকৃত ০৪/২০১৭ নম্বর বিভাগীয় মামলায় 'অসদাচরণ' এর অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

---

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**অফিস আদেশ**

তারিখ: ৩০ অক্টোবর ২০১৭ খ্রিঃ

**নং ১৯.০০.০০০০.৮৫৫.২৭.০৫৪.১৭-২২০**—যেহেতু, জনাব আনিছুজ্জামান, প্রশাসনিক কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-কে নিউইয়র্ক স্থায়ী মিশনে চাকরির মেয়াদ পূর্তির প্রেক্ষিতে গত ০৮ জানুয়ারি ২০১৪ তারিখে মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত অফিস আদেশের মাধ্যমে জুন/২০১৪ এর মধ্যে মন্ত্রণালয়ে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে মিশনের অনুরোধে জনাব আনিছুজ্জামান-এর মিশনে অবস্থানের মেয়াদ ৩১ অক্টোবর ২০১৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। সে মোতাবেক, ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে জনাব আনিছুজ্জামানকে দূতাবাস হতে অব্যাহতি প্রদান করা হয় এবং যোগদানকাল শেষে ০৯-০১-২০১৫ তারিখে জনাব আনিছুজ্জামান মন্ত্রণালয়ে যোগদান করবেন মর্মে মিশন হতে জানানো হয়। কিন্তু মিশন হতে অব্যাহতির পর তিনি মন্ত্রণালয়ে যোগদান না করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে একনাগাড়ে ৬০(ষাট) দিনেরও অধিক সময় কর্মস্থলে অনুপস্থিত থাকেন। কর্তৃপক্ষের নির্দেশমতে কর্মস্থলে যোগদান না করা এবং একনাগাড়ে ৬০(ষাট) দিনেরও অধিক সময় বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩, উপবিধি-(বি) ও (সি) মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, বিভাগীয় মামলা রুজুর প্রেক্ষিতে সংশ্লিষ্ট বিধিমালার যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক তাঁকে অভিযোগ বিবরণীর ভিত্তিতে গঠিত অভিযোগনামাসহ কারণ দর্শানো হয় এবং তদ্প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা যে জবাব দাখিল করেন তা সন্তোষজনক বলে বিবেচিত হয়নি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ঘটনার সত্যতা নিরূপণের জন্য অত্র মন্ত্রণালয়ের সহকারী সচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্তকারী কর্মকর্তা তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, জনাব আনিছুজ্জামানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩, উপবিধি-(বি) ও (সি) মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগে একই বিধিমালার বিধি ৪ (৩) (ডি) মোতাবেক কেন 'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) দণ্ড প্রদান করা হবে না তার কারণ ব্যাখ্যা করার জন্য দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তদ্প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা যে জবাব দাখিল করেন তা সন্তোষজনক না হওয়ায় জবাব বিবেচনার পর তাঁকে "বাধ্যতামূলক অবসর (compulsory retirement)" গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, জনাব আনিছুজ্জামানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (বি) মোতাবেক "বাধ্যতামূলক অবসর (compulsory retirement)" গুরুদণ্ড আরোপের প্রস্তাবের সাথে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করে;

সেহেতু, জনাব আনিছুজ্জামান, প্রশাসনিক কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'ডিজারশন'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (বি) মোতাবেক "বাধ্যতামূলক অবসর (compulsory retirement)" গুরুদণ্ড প্রদান করা হ'ল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ শহীদুল হক**
পররাষ্ট্র সচিব।

**Ministry of Health and Family Welfare**
**Health Services Division**
**Public Health-2**

**Notification**

Date : 29.11.2017

**No 45.00.0000.161.041.01.11-317**—The Government, upon revising the memo no-45.161.041.00.00.001. 2011-47, Dated: 13.03.2011, is pleased to reconstitute the Expert Review Committee for Adverse Events Following Immunization (AEFI) as Follows:

A Composition of the Committee

**Chairman**

1. Program Manager, EPI. DGHS, Mohakhali Dhaka

**Members**

2. Professor Dr Nazrul Islam, Professor of Virology, Ex-Vice Chancellor, BSMMU
3. Professor Mesbah Uddin Ahmed, Professor of Pediatrics, Mohammadpur, Dhaka
4. Professor M. Sawkat Hassan, Professor of Immunology, Banani, Dhaka
5. Professor Soofia Khatoon, Professor of Pediatrics (Retd), Dhaka
6. Professor A F M Saiful Islam, Professor of Pharmacology, Mirpur, Dhaka-1216
7. Professor A. N. Nashimuddin Ahmed Professor of Clinical Pathology, Dhaka
8. Professor Md. Ekhlasur Rahman, Professor of Pediatrics, Anwar Khan Medical College, Dhaka
9. Professor Md. Sultan Uddin, Professor of Pediatrics, National Medical College, Dhaka
10. Dr. Md. Shafiqul Islam, Professor of Epidemiology, Dhaka
11. Professor Selimuzzaman, Professor of Pediatrics, Shishu Hospital, Dhaka
12. Professor Shaheen Akter, Professor of Pediatrics, Enam Medical College, Saver Dhaka
13. Dr. Mizanur Rahman, Associate Professor of Pediatrics, Dhaka
14. Representative from Directorate General of Drug Administration (DGDA). Mohakhali Dhaka-1212
15. Deputy Programme Manager, Field Service EPI, DGHS, Mohakhali, Dhaka
16. National Professional Officer, Vaccine Safety & Quality, WHO, Bangladesh
17. Immunization Specialist, UNICEF Bangladesh

**Member-Secretary**

18. Deputy Programme Manager, EPI and Surveillance, DGHS

B. Terms of Reference (TOR) of AEFI Expert Review Committee :

1. The committee will play an advisory role in confirming the causality assessment of selected investigations and in determining causality when not established with confidence by the investigation team.
2. Review the investigation reports of serious AEFI, assess and classify the unresolved case of AEFI.
3. The committee will provide technical advice on stengthening the AEFI surveillance system by reviewing AEFI surveillance data.
4. The committee will monitor reported AEFI data for potential signals of previously unrecognized vaccine-related adverse events and make recommendations for further investigation.
5. The committee will advise EPI HQ, NRA/NCL (DGDA) at times of crises/ emergency and assist the AEFI investigation team if needed.

C. The Committee will meet quarterly and as and when needed. The Chair of the committee can co-opt members for causality assessment if needed.

D. This has the approval of the competent authority and will take into effect immediately.

**Md. Ruhul Amin Talukder**
Joint Secretary.

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪২৪/২২ নভেম্বর ২০১৭

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮৭**—কুমিল্লা জেলার দেবিদ্বার থানার মামলা নং-২২, তারিখ: ১২-০১-২০১৫ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত একটি খালি কাভার্ড ভ্যান ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর ষড়যন্ত্র ও সহায়তার মাধ্যমে সন্ত্রাসী কার্য সম্পাদন করে জনমনে আতংক সৃষ্টি এবং দাহ্য পদার্থ ব্যবহার করে গাড়িতে আগুন দিয়ে ক্ষতি সাধন করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮৬**—কুমিল্লা জেলার মনোহরগঞ্জ থানার মামলা নং-০৮, তারিখ: ২৮-১০-২০১৩ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পোড়া মোটর সাইকেল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জনসাধারণের নিরাপত্তা বিঘ্নিত করা, ভাংচুর, দাহ্য পদার্থ নিজ হেফাজতে রেখে তার দ্বারা আগুনে পুড়িয়ে ক্ষতি সাধন ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী-২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮৫**—কুমিল্লা জেলার নাঙ্গলকোট থানার মামলা নং-০৪, তারিখ: ১২-০৪-২০১৫ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পেট্রোল ভর্তি প্লাষ্টিকের বোতল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পেট্রোল দ্বারা বাস পোড়ানোর চেষ্টাসহ সন্ত্রাসী কার্য করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী-২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**তাহমিনা বেগম**
উপসচিব।

---

**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃংখলা শাখা-০১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৪বঙ্গাব্দ/২৯ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৫৮.০০.০০০০.০৭৬.০১.০০৮.১৭-৫৪—যেহেতু, চুয়াডাংগা জেলা কারাগারের প্রাক্তন জেলার মোঃ ইউনুস জামান (বর্তমানে রাংগামাটি জেলা কারাগারে কর্মরত) এর বিরুদ্ধে কারাবিধি পরিপন্থি আচরণ, সরকারি অর্থ নিয়ম বহির্ভূতভাবে ব্যয় করাসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার অভিযোগ তদন্তের জন্য কারা অধিদপ্তর ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে।

যেহেতু, তদন্ত কমিটির প্রতিবেদনে বলা হয়েছে গত ০২-০২-২০১৪ খ্রিঃ তারিখে তার নিকট রক্ষিত নগদ ক্যাশ ২,০৪,৫৪৬ (দুই লক্ষ চার হাজার পাঁচশত ছেচল্লিশ) টাকার পরিবর্তে ৮,৩৮০ (আট হাজার তিনশত আশি) টাকা রয়েছে। অবশিষ্ট টাকার হিসাব দিতে তিনি ব্যর্থ হন। চুয়াডাংগা জেলা কারাগারের ১৪-০৭-২০১৪ খ্রিঃ তারিখের ৪৪.০৭.১৮০০.১৪৬.০৩. ০১৫.১৪-৯৮৭ সংখ্যক পত্রটি জি.ই.পি. ডাকযোগে কারা মহাপরিদর্শক বরাবরে প্রেরণ করা হলে উর্দ্ধতন কর্তৃপক্ষকে না জানিয়ে গত ১৬-০৭-২০১৪ খ্রিঃ তারিখ তিনি উক্ত পত্রটি সংশোধনের কথা বলে পোস্ট মাস্টার এর নিকট থেকে এনে খাম খুলে পুনরায় সাদা কাগজ ভর্তি করে পোস্ট অফিসে ফেরত দেন। তিনি মর্নিং রিপোর্ট অনুস্বাক্ষরের জন্য জেল সুপারের নিকট উপস্থাপন করতেন না, তিনি বন্দীদের তালামুক্তির সময় অনুপস্থিত থাকতেন, মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত বন্দীদের সেল নিয়মিত তল্লাসী করতেন না।

যেহেতু, কারা অধিদপ্তরের স্মারক নং ৪৪.০৭.০০০০.০২৮.০৫. ০০১.২০১৫-৩৭, তারিখ ১১-০১-২০১৫ খ্রিঃ পত্রের মাধ্যমে তদন্ত প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদনে অভিযোগসমূহের সত্যতা পাওয়ায় জনাব মোঃ ইউনুস জামান এর বিরুদ্ধে গত ০১-০৪-২০১৫ খ্রিঃ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করা হয়, তাকে কারণ দর্শানো হয়। তিনি কারণ দর্শানোর জবাব প্রদন করেন এবং গত ১৭-১০-২০১৭ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন। ব্যক্তিগত শুনানী ও কারণ দর্শানোর জবাবে তিনি জানান যে, সরকারি অর্থের হিসাবদানে ব্যর্থ হলেও তিনি কোন অর্থ আত্মসাৎ করেননি। তিনি স্বীকার করেন যে, ঘাটতি টাকা কারাগারের ক্যান্টিন পরিচালনার জন্য ব্যয় হয় এবং অবশিষ্ট টাকা কারাগারের কর্মচারীদের নিকট বকেয়া থাকে, তার নামে আনীত অন্যান্য অভিযোগগুলি সঠিক নয় মর্মে জানান। এরপর তিনি কৃতকর্মের জন্য ভুল স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন।

যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযোগনামা, কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানী ইত্যাদি পর্যালোচনা করা হয়। রাষ্ট্রপক্ষের বক্তব্য ও উপস্থাপিত নথিপত্র পর্যালোচনা করা হয়। সার্বিক পর্যালোচনান্তে অভিযোগের প্রকৃতিসহ আনুসংগিক বিষয় বিবেচনা করে প্রতিয়মান হয় যে, জনাব মোঃ ইউনুস জামানকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে।

সেহেতু, জনাব মোঃ ইউনুস জামানকে কর্মচারী (শৃংখলা ও আপীল) ১৯৮৫ এর বিধিমালার ৩ (বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক তাকে এই বিধিমালার ৪(২)(এ) বিধি অনুযায়ী তিরস্কার (Censure) সূচক লঘুদণ্ড প্রদান করা হ'ল।

**দীপংকর বিশ্বাস**
উপসচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৪/৩০ নভেম্বর ২০১৭

নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.৬৭.১৩-৫৯৬—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হলো :

| ক্রমিক নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১। | দালাল বাজার জমিদার বাড়ি গ্রাম-লক্ষ্মীপুর উপজেলা-লক্ষ্মীপুর সদর জেলা-লক্ষ্মীপুর। | ৬৪ নং লক্ষ্মীপুর | সি, এস ১২২৭ এস এ ১১৫৯ | ২৯১৫ হতে ২৯৩০, ২৯০০, ২৯৩২, ২৮৮০, ২৮৮৪, ২৮৮৬, ২৮৮৮, ২৮৯১, ২৮৬২, ২৮৯৭, ২৮৯৮, ২৮৯৯, ২৮৯৫, ২৯০১ হতে ২৯১৪, ২৮৫০ হতে ২৮৫৪, ২৮৫৬ হতে ২৮৭৬, ৩৩৭৯ খোয়াসাগর দিঘী। | বাড়ির ভিতর ভাউণ্ডারী-৭.৮৬ একর, ২২.০১ একর | উত্তরে- শ্রী শ্রী দালাল বাজার মহাপ্রভু জিউ আখড়া। দক্ষিণে-প্রকাশ্য পাঁচালী বাড়ির সীমানা পূর্বে-প্রকাশ্য দালাল বাজার ভূমি অফিস ও বাজার পশ্চিমে-জমিদার বাড়ির খাল ও মণ্ডল বাড়ি। | সরকারি সম্পত্তি ভি,পি গেজেট ভুক্ত "ক" তালিকা ভুক্ত ভূমি। | হ্যাঁ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসীম কুমার দে**
**উপসচিব।**

---

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে।]**
**জননিরাপত্তা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আনসার শাখা-১**

**আদেশ**

তারিখ : ১৪ নভেম্বর ২০১৭ খ্রিঃ

নং ৪৪.০৩.০০০০.১১৪.২০.০০২.১৪-৩৭৬—নির্দেশিত হয়ে আনসার ও ভিডিপি অধিদপ্তরের বিসিএস (অবসর) ক্যাডারের ৬০ (ষাট)টি পদ নিম্নবর্ণিত শর্তে স্থায়ীভাবে সৃজনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল/২০১৫ |
|---|---|---|---|
| ১ | অতিরিক্ত মহাপরিচালক | ০১ (এক)টি | ৬৬০০০—৭৬৪৯০/- (গ্রেড-২) |
| ২ | উপ-মহাপরিচালক | ০২ (দুই)টি | ৫৬৫০০—৭৪৪০০/- (গ্রেড-৩) |
| ৩ | পরিচালক | ২৪ (চব্বিশ)টি | ৪৩০০০—৬৯৮৫০/- (গ্রেড-৫) |
| ৪ | সহকারী পরিচালক/সহকারী জেলা কমাড্যান্ট/ ব্যাটালিয়ন উপ-অধিনায়ক/সমমান | ৩৩ (তেত্রিশ)টি | ২২০০০—৫৩০৬০/- (গ্রেড-৯) |
| | মোট = | ৬০ (ষাট)টি | |

**শর্তাবলী :**

(১) উক্ত ব্যয় আনসার ও ভিডিপি অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে মেটানো হবে।

(২) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।

(৩) গ্রেড উন্নীতকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে, তবে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় প্রয়োজনীয় সংশোধন না করা পর্যন্ত সরকার উপযুক্ত কর্মকর্তাদের বর্ণিত পদে পদায়ন করতে পারবে।

(৪) টিওএন্ডই আপডেটেড করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই এর কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

(৫) BCS (Ansar) Composition and Cadre Rules, 1980 এর সংশ্লিষ্ট তফসিলে নতুন ক্যাডার পদগুলো অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৬) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রদত্ত শর্তাদি এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

২। জনপ্রশাশন মন্ত্রণালয়ের ২৩-০৬-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০১১.১৪-১৯০, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখার ০৮-০২-২০১৭ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০২.০০৯.১৯৯৬-৮২, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**এস এম মুনীর উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে।]

**আদেশ**

তারিখ : ১৪ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ৪৪.০৩.০০০০.১১৪.২০.০০২.১৪-৩৭৭**—নির্দেশিত হয়ে আনসার ও ভিডিপি অধিদপ্তরের বিসিএস (অবসর) ক্যাডারের অতিরিক্ত মহাপরিচালকের পদ গ্রেড-৩ হতে গ্রেড-২ এ এবং উপ-মহাপরিচালকের পদ গ্রেড-৪ হতে গ্রেড-৩ এ নিম্নবর্ণিত শর্তে গ্রেড উন্নীতকরণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

| ক্রম | পদের নাম | বেতন স্কেল/২০১৫ |
|---|---|---|
| ১ | অতিরিক্ত মহাপরিচালক | ৬৬০০০—৭৬৪৯০/- (গ্রেড-২) |
| ২ | উপ-মহাপরিচালক | ৫৬৫০০—৭৪৪০০/- (গ্রেড-৩) |

**শর্তাবলী :**

(১) উক্ত ব্যয় আনসার ও ভিডিপি অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে মেটানো হবে।

(২) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।

(৩) গ্রেড উন্নীতকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে, তবে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় প্রয়োজনীয় সংশোধন না করা পর্যন্ত সরকার উপযুক্ত কর্মকর্তাদের বর্ণিত পদে পদায়ন করতে পারবে।

(৪) টিওএন্ডই আপডেটেড করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই এর কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

(৫) BCS (Ansar) Composition and Cadre Rules, 1980 এর সংশ্লিষ্ট তফসিলে নতুন ক্যাডার পদগুলো অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৬) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রদত্ত শর্তাদি এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

২। জনপ্রশাশন মন্ত্রণালয়ের ২৩-০৬-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০১১.১৪-১৯০, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখার ০৮-০২-২০১৭ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০২.০০৯.১৯৯৬-৮২, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**এস এম মুনীর উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে।]

**আদেশ**

তারিখ : ১৪ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ৪৪.০৩.০০০০.১১৪.২০.০০২.১৪-৩৭৮**—নির্দেশিত হয়ে আনসার ও ভিডিপি অধিদপ্তরের বিসিএস (অবসর) ক্যাডারের উপ-পরিচালক/জেলা কমান্ড্যান্ট/ব্যাটালিয়ন অধিনায়ক এর ০৮ (আট)টি পদ নিম্নবর্ণিত শর্তে বিলুপ্ত করার সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | উপ-পরিচালক/জেলা কমান্ড্যান্ট/ব্যাটালিয়ন অধিনায়ক | ০৮ (আট)টি |

**শর্তাবলী :**

(১) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।

(২) BCS (Ansar) Composition and Cadre Rules, 1980 এর সংশ্লিষ্ট তফসিলে উপ-পরিচালক/জেলা কমান্ড্যান্ট/ব্যাটালিয়ন অধিনায়ক-এর ০৮(আট)টি পদ বিলুপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩) জনপ্রশাশন মন্ত্রণালয়ের ২৩-০৬-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০১১.১৪-১৯০, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখার ০৮-০২-২০১৭ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০২.০০৯.১৯৯৬-৮২, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(৪) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রদত্ত শর্তাদি এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

**এস এম মুনীর উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

## আইন-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ৭ অগ্রহায়ণ ১৪২৪/২১ নভেম্বর ২০১৭

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-৭৫৭—নাটোর থানার মামলা নং-২৫, তারিখ-২৪-০৬-২০১৭ খ্রিঃ এ গত ১৩-০৬-২০১৬ তারিখে নাটোর থানাধীন হুগোলবাড়িয়া এলাকায় ডাঃ শোয়াইব সাহেবের মালিকানাধীন নিরিবিলি ছাত্রাবাসে রাষ্ট্রবিরোধী উস্কানিক উদ্দেশ্যে সমাবেশের গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ মাসুদ রানা (২৯) সহ ৪ জনকে আটক করা হয়। তাদের হেফাজত হতে বিভিন্ন ধরনের জিহাদী বই, পোস্টার, ম্যাগাজিন ও রশিদ বই ইত্যাদি জব্দ তালিকামূলে জব্দ করা হয়। পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, ধৃত আসামীরা বেআইনী জনতায় দলবদ্ধভাবে রাষ্ট্রের নিন্দাকরণ ও জনগণের অনিষ্ট সাধনের অপরাধে জড়িত যা দণ্ডবিধি ১৮৬০ এর ১২৩-ক ধারার অপরাধ। উল্লিখিত ব্যক্তিদের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৩-(ক) ধারামতে মামলা রুজু/তদন্তের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-৭৫৮—পল্টন মডেল (ডিএমপি) থানার মামলা নং-৫৬, তারিখ-৩১-০৩-২০১৭ খ্রিঃ ধারা-৩৪২/৩৬৫/৩৮৫/৩৮৬ পিঃ সিঃ মামলায় বাংলাদেশী অপরাধী কর্তৃক সৌদিআরবের রিয়াদ শহরে ভিকটিমকে অপহরণ করে রিয়াদে আটক রেখে বিকাশের মাধ্যমে বাংলাদেশ থেকে ভিকটিমের আত্মীয় স্বজনের নিকট থেকে মুক্তিপণের টাকা গ্রহণ করে। দেশের বাহিরে সংঘটিত অপরাধ বিধায় মামলাটি তদন্তে জন্য ফৌজদারী কার্যবিধি, ১৮৮ ধারা বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-৭৫৯—গত ১৩-০৩-২০১৭ তারিখে অভিযুক্ত ইমরান হাসান (২৫), পিতা-মোঃ শাহজাহান, বাসা নং-১২/১/ই, রাজ নারায়ন ধর রোড, থানা-লালবাগ, ঢাকা আবেদনকারী জনাব মোঃ জুয়েল রানার ৩০ (ত্রিশ) হাজার রিঙ্গিট মালয়েশিয়া হতে চুরি করে পালিয়ে বাংলাদেশে চলে আসে মর্মে মালয়েশিয়া প্রবাসী জনাব মোঃ জুয়েল রানা এর নিকট হতে অভিযোগ পাওয়া যায়। দেশের বাহিরে সংঘটিত অপরাধ বিধায় মামলাটি রুজু/তদন্তের জন্য ফৌজদারী কার্যবিধি, ১৮৮ ধারা বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬০—সিলেট জেলার কোম্পানীগঞ্জ থানার মামলা নং-০৮, তারিখ-০৯-০৩-২০১৭ খ্রিঃ এ তদন্তে এবং তাদের কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদি বই ও লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জননিরাপত্তা বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে বর্তমান সরকারকে দেশ পরিচালনার বিঘ্ন সৃষ্টি এবং সম্পত্তির ক্ষতি সাধন করার উদ্দেশ্যে পরস্পর ষড়যন্ত্র সহায়তা ও প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬১—ডেমরা থানার মামলা নং-০১(০৭)১৬ এর তদন্তে এবং আসামীর নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত মোবাইল ফোন ও ডিস্ক ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবির সদস্য হয়ে উক্ত সংগঠনের কর্মকাণ্ডকে গতিশীল ও উৎসাহিত করার উদ্দেশ্যে সদস্য সংগ্রহ, প্রশিক্ষণ প্রদান, বিভিন্ন মাধ্যমে তথ্য সম্প্রচার ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬২—পল্টন থানার ২০(০৯)১৬ নম্বর মামলার তদন্তে এবং তাদের কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার জিহাদী বই, ব্যাগ ও ল্যাপটপ ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত আনসার উল্লাহ বাংলা টিমের সদস্য এবং পরস্পর যোগসাজশে অপরাধ সংঘটন ও ষড়যন্ত্রের উদ্দেশ্যে সমবেত হয়ে সরকার বিরোধী প্রচার বই ও ল্যাপটপসহ উক্ত সংগঠনকে শক্তিশালী করার লক্ষ্যে সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬৩—সিলেট জেলার এয়ারপোর্ট থানার মামলা নং-১০, তারিখ-১৯-০৩-২০১৭ এ জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের লিফলেট ও অন্যান্য কাগজপত্র ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী নিষিদ্ধ সংগঠনের সদস্য হয়ে লিফলেট সম্প্রচারের মাধ্যমে সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ৮ অগ্রহায়ণ ১৪২৪/২২ নভেম্বর ২০১৭

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬৪—ঢাকা জেলার দারুস সালাম থানার মামলা নং-৩৭(১২)১৬ এ জব্দকৃত আলামত বিস্ফোরক দ্রব্যাদি, মোবাইল ফোন, ইসলামিক বই, বিভিন্ন ইলেকট্রনিক্স তার, পার্টস ও বোমা তৈরীর অন্যান্য সরঞ্জাম ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নাশকতার উদ্দেশ্যে বিস্ফোরণ ঘটিয়ে আতঙ্ক দৃষ্টি করার লক্ষ্যে একত্রিত হয়ে ষড়যন্ত্র ও অপরাধ সংঘটনের সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬৫—ঢাকা জেলার মতিঝিল থানার মামলা নং-১৭(০৭)১৬ এ জব্দকৃত আলামত বিভিন্ন বই, ব্যাগ ও ধারালো চাপাতি ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজশে সরকার বিরোধী অপরাধ সংঘটন ও ষড়যন্ত্রের উদ্দেশ্যে সমবেত হয়ে সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬৬—বান্দরবান জেলার সদর থানার মামলা নং-০২ তারিখ ০১-০৯-২০১৬ এ জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সরকারি বিভিন্ন দপ্তর ও গুরুত্বপূর্ণ স্থানে নাশকতার আভিযান পরিচালনা, অরাজকতা সৃষ্টি, দেশি-বিদেশি গুরুত্বপূর্ণ ব্যক্তিদের খুন করা, সরকারি সম্পদ ধ্বংস করা, জনমনে আতংক সৃষ্টি করা, সরকারকে অস্থিতিশীল করে ভাবমূর্তি ক্ষুণ্ণ করা ইত্যাদি অপরাধের সাথে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬৭—ঝিনাইদহ জেলার ঝিনাইদহ থানার মামলা নং-০৫ তারিখ : ০৭-০৯-২০১৫ এ জব্দকৃত আলামত পেট্রোল ভর্তি ০৫টি কাঁচের বোতল, পুরাতন টায়ার, বাঁশের লাঠি এবং ইটের টুকরাসহ অন্যান্য মালামাল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পেট্রোল বোমা দ্বারা ক্ষতি সাধন, অগ্নি সংযোগ, অন্তর্ঘাতমূলক সন্ত্রাসী কর্মকান্ডের ষড়যন্ত্র ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬৮—ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মবাড়িয়া মডেল থানার মামলা নং-১৯, তারিখ-১০-০৪-২০১৭ এ জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন জেএমবি'র সক্রিয় সদস্য হওয়ার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৬৯—গাইবান্ধা জেলার পলাশবাড়ি থানার মামলা নং-২০, তারিখ-১৭-০২-২০১৬ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই, ব্যানার, রেজিস্টার, কাঠের সীল ও মোটার সাইকেল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জননিরাপত্তা বিপন্ন করার উদ্দেশ্যে নাশকতা ও সন্ত্রাসী কর্মকান্ড ঘটানোর জন্য পরস্পর যোগসাজশে ষড়যন্ত্রে লিপ্ত, নাশকতার উসকানী, উত্তেজনা সৃষ্টি ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭০—নীলফামারী জেলার সৈয়দপুর থানার মামলা নং-০৯, তারিখ-২৩-০৭-২০১৬ এ পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি সংঘটনের সদস্য হিসেবে সংগঠনকে সমর্থন করা, চাঁদা প্রদান করা, অপরাধ সংঘটনের পরিকল্পনা, প্ররোচনা, সহায়তা প্রদান ও অপরাধীকে আশ্রয়দান করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭১—নীলফামারী জেলার জলঢাকা থানার মামলা নং-১২, তারিখ-১৫-০৬-২০১৬ এ পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি সংঘটনের সদস্য হিসেবে সংগঠনকে সমর্থন করা, চাঁদা প্রদান করা, অপরাধ সংঘটনের পরিকল্পনা, প্ররোচনা, সহায়তা প্রদান ও অপরাধীকে আশ্রয়দান করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭২—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-০৫, তারিখ-০৩-১১-২০১৪ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত একটি মিনি পিকআপ ও অন্যান্য মালামাল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা অস্ত্রে-শস্ত্রে সজ্জিত হয়ে যান চলাচলে বাধাদান, গাড়ী ভাংচুর, পুলিশের কর্তব্য কাজে বাধাদান, আক্রমণ, ককটেল ও পেট্রোল বোমার বিস্ফোরণ ঘটিয়ে জনগণের মধ্যে আতংক ও ভয়ভীতি প্রদর্শনের অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭৩—দিনাজপুর জেলার কোতোয়ালী থানার মামলা নং-৫১, তারিখ-১০-০৪-২০১৭ এ প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামীরা জেএমবির সক্রিয় সদস্য বলে জানায়। পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি সংঘটনের সদস্য ও জঙ্গি সংগঠনকে সমর্থন করে সন্ত্রাসী কার্যে নিয়মিতভাবে মাসিক অর্থ প্রদান এবং অপরাধ সংঘটনের ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭৪—দিনাজপুর জেলার চিরিরবন্দর থানার মামলা নং-১৭, তারিখ-২৩-০৩-২০১৭ এ প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামীরা জেএমবির সক্রিয় সদস্য বলে জানা যায়। পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি সংঘটনের সদস্য ও জঙ্গি সংগঠনকে সমর্থন করে সন্ত্রাসী কার্যে নিয়মিতভাবে মাসিক অর্থ প্রদান, নাশকতা সৃষ্টি এবং অপরাধ সংঘটনের ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭৫—ঢাকা জেলার আদাবর থানার মামলা নং-০৬(০৯)১৫ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন পোস্টার ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি সংগঠনে জনগণকে সম্পৃক্ত করার চেষ্টা, পোস্টার বিতরণ করা ও লিফলেট হেফাজতে রাখাসহ সরকার বিরোধী ষড়যন্ত্রের অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭৬—ঢাকা জেলার যাত্রাবাড়ী থানার মামলা নং-৬৪(১১)১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত চাকু, চিমটা, মোজা, লোহার গুড়ো, স্কচটেপ, সিলিন্ডার ও ফিল্টার ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিজের হেফাজতে বোমা তৈরীর সরঞ্জাম রেখে এবং পরস্পর যোগসাজসে অপরাধ সংঘটনের উদ্দেশ্যে একত্রিত হয়ে ষড়যন্ত্র ও অপরাধ সংঘটনের সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭৭—নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা মডেল থানার মামলা নং-৩২, তারিখ : ০৯-০৩-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা হরকাতুল জিহাদের জঙ্গি সংঘটনের কর্মকান্ড গতিশীল ও সক্রিয় করার জন্য লিফলেট বিতরণ ও সম্প্রচার করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭৮—বগুড়া জেলার শেরপুর থানার মামলা নং-০৮, তারিখ : ০৯-০৬-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সরকার ও রাষ্ট্রবিরোধ বিভিন্ন ধরনের জিহাদী বই নিজ হেফাজতে রেখে সরকার বিরোধ প্রচারনা, রাষ্ট্রীয় সম্পত্তি ধ্বংস বা ক্ষতি সাধনসহ নাশকতামূলক কর্মকান্ড করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৭৯—কুমিল্লা জেলার দেবিদ্বার থানার মামলা নং-০১, তারিখ : ০৪-০৩-২০১৫ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত একটি ট্রাক ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জনসাধারণের নিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করা জন্য আতঙ্ক সৃষ্টির মাধ্যমে যানবাহন চলাচল বিরত রাখার উদ্দেশ্যে পেট্রোল বোমা নিক্ষেপ করে হত্যার চেষ্টায় আহত ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮০—কুমিল্লা জেলার দেবিদ্বার থানার মামলা নং-১১, তারিখ : ২৩-০৩-২০১৫ এ জব্দকৃত পেট্রোল বোমা পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী জননিরাপত্তা বিপন্ন ও জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে কোন ব্যক্তিকে হত্যা, জখম বা কোন সম্পত্তির ক্ষতি সাধন করার উদ্দেশ্যে দাহ্য পদার্থ পেট্রোল বোমা নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮১—কুমিল্লা জেলার দাউদকান্দি মডেল থানার মামলা নং-১৩, তারিখ : ১৩-০৪-২০১৫ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত একটি ট্রাক ও অন্যান্য মালামাল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বাংলাদেশের অখন্ডতা, সংহতি, জননিরাপত্তা বিপন্ন করার উদ্দেশ্যে জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করতে দাহ্য পদার্থ ব্যবহার করে উল্লিখিত ট্রাতে আগুন লাগিয়ে চালককে আহত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮২—কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানার মামলা নং-৬৭, তারিখ : ২৯-০৮-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশকে অস্থিতিশীল করার লক্ষ্যে ষড়যন্ত্র ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮৩—কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানার মামলা নং-১৪, তারিখ : ১১-১২-২০১৩ এ জব্দকৃত আলামত ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দাহ্য পদার্থ নিজ হেফাজতে রেখে সন্ত্রাসী কার্যকলাপ দ্বারা জনসাধারণের মাঝে আতংক সৃষ্টি করে যানবাহনে ভাংচুর করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮৪—কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানার মামলা নং-৬৮, তারিখ : ২৯-০৮-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার জিহাদী বই এবং চাঁদা আদায়ের রশিদ ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশ অস্থিতিশীল করার লক্ষ্যে ষড়যন্ত্র ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮৮—কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানার মামলা নং-০১, তারিখ : ০১-১২-২০১৩ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত একটি সিএনজি অটোরিক্সা ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দাহ্য পদার্থ নিজ হেফাজতে রেখে সন্ত্রাসী কার্যকলাপ দ্বারা জনমনে আতংক এবং গাড়ীতে আগুন দিয়ে ক্ষতি ও চালককে মারধর করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৮৯—রাজশাহী জেলার বাগমারা থানার মামলা নং-১৬, তারিখ : ১৬-০৮-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত মোবাইল ফোন, ডেবিট কার্ড ও পাসপোর্ট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাসী কার্যকলাপ সংঘটনের ষড়যন্ত্র, প্রচেষ্টা, সাহায্য, সহায়তা, অর্থায়ন ও প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৯০—ঢাকা জেলার বনানী থানার মামলা নং-৩৪(০১)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদী বই, ব্যাগ, ল্যাপটপ, মোবাইল ফোন ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক ধ্বংসাত্মক কার্যকলাপে লিপ্ত থেকে ফেসবুকে ঘৃণা, ক্ষোভ, ধর্মীয় উস্কানিমূলক ও সরকার বিরোধী সম্প্রচার করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৯১—সিলেট জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-১৮, তারিখ : ১৬-০২-২০১৫ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত একটি মাইক্রোবাস ও ককটেলের অংশ বিশেষ ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা ককটেলের বিস্ফোরণ ঘটিয়ে এবং মাইক্রোবাস ভাংচুর করে দাহ্য পদার্থ দ্বারা অগ্নিসংযোগ, আতংক ও জানমালের ক্ষতি সাধন করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৯২**—ঢাকা জেলার পল্টন মডেল থানার মামলা নং-০৫(০৩)১৫ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত আগুনে পোড়া গাড়ি ও অন্যান্য মালামাল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে বাংলাদেশের সংহতি, জননিরাপত্তা বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে হত্যার উদ্দেশ্যে পেট্রোল বোমা দ্বারা গাড়িতে আগুন লাগিয়ে সম্পত্তির ক্ষতিসাধন ও ষড়যন্ত্র বা সহায়তা বা প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৯৩**—ঢাকা জেলার মোহাম্মদপুর থানার মামলা নং-৭৯(০৫)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ম্যাগাজিন ও অন্যান্য মালামাল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন জেএমবির প্রচারণা ও ম্যাগাজিন বিতরণ করাসহ নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৯৪**—টাঙ্গাইল মডেল থানার মামলা নং-১৬, তারিখ : ১৬-০৭-২০০৯ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য মালামাল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন জেএমবি-কে সমর্থন ও সন্ত্রাসী কার্যকলাপ করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৯৬**—নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানার মামলা নং-৭২, তারিখ : ২৫-০৫-২০১৭ এ প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামীরা জেএমবির সক্রিয় সদস্য বলে জানা যায়। তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত গুলিসহ পিস্তল, বোমা, বোমা তৈরীর সরঞ্জাম, স্টীলের কৌটা, কাচের মারবেল, তার, কসটেপ ও বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য মালামাল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ জঙ্গী সংগঠন জেএমবির সদস্য হয়ে সন্ত্রাসী কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে দেশের অখন্ডতা, সংহতি, জননিরাপত্তা বিপন্ন করার জন্য আতংক সৃষ্টি করে অপরাধ সংঘটনের ষড়যন্ত্র, প্রচেষ্টা, সাহায্য, সহযোগতিা ও সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪২৪/২৭ নভেম্বর ২০১৭

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৭৯৯**—ঢাকা জেলার তেজগাঁও থানার মামলা নং-২৮(০৮)১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের লিফলেট, পোস্টার ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সরকার ও রাষ্ট্রবিরোধ ধ্বংসাত্মক কর্মকান্ড পরিচালনা ও পরিকল্পনা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।